



তারিখ: ২১ আশ্বিন ১৪৩৩
০৬ অক্টোবর ২০২৬

নম্বর-সিজেএম/পাবনা- ১১৪

অফিস আদেশ

বিষয়: আদালতের এজলাস, জি.আর.ও অফিস এবং অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরে উমেদার (বহিরাগত ব্যক্তি) না রাখা এবং বিচারাধীন ও নিষ্পত্তিকৃত মামলার নথিতে উমেদার (বহিরাগত ব্যক্তি) কর্তৃক কোনো বিষয় লিপিবদ্ধ না করা প্রসঙ্গে।

সম্প্রতি অভিযোগ পাওয়া যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারীর প্রশাসনিক এখতিয়ারাধীন বিভিন্ন আদালত ও দপ্তরে বিচারাধীন ও নিষ্পত্তিকৃত মামলার নথিতে সংশ্লিষ্ট আদালত/দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত উমেদার (বহিরাগত ব্যক্তি) কর্তৃক আদালতের আদেশ বা মামলা-সংশ্লিষ্ট অন্যান্য বিষয় লিপিবদ্ধ করা হচ্ছে। এ ধরনের কার্যক্রম অনভিপ্রেত, অনাকাঙ্ক্ষিত, বিধিবিহীন এবং অত্যন্ত উদ্বেগজনক। এ ধরনের অননুমোদিত কার্যক্রমের ফলে স্পর্শকাতর ও জনগুরুত্বপূর্ণ মামলার নথিসহ অন্যান্য নথি হারিয়ে যাওয়া, নথিতে অননুমোদিত সংযোজন, পরিবর্তন বা ঘষামাজার সুযোগ সৃষ্টি হওয়া এবং মামলার গোপনীয়তা ও নথির নিরাপত্তা বিমিত হওয়ার আশঙ্কা থাকে।

বাংলাদেশ সুপ্রিম কোর্ট কর্তৃক প্রকাশিত ২৩/০৭/২০১৫ তারিখের ০৯ নং সার্কুলার এবং Criminal Rules and Orders, 2009-এর বিধি ৪৪৯ অনুসারে আদালতের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত কোনো বহিরাগত ব্যক্তি বা উমেদারকে মামলার নথিতে মামলা-সংশ্লিষ্ট কোনো বিষয় লিপিবদ্ধ করা নিষিদ্ধ।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রিম কোর্টের উপরোল্লিখিত সার্কুলার এবং Criminal Rules and Orders, 2009-এর বিধি ৪৪৯ অনুসারে এ ধরনের বিধিবিহীন কার্যক্রম প্রতিরোধ এবং মামলার নথির নিরাপত্তা, গোপনীয়তা ও যথাযথ সংরক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীর প্রশাসনিক এখতিয়ারাধীন সকল আদালত ও দপ্তরে বিচারাধীন ও নিষ্পত্তিকৃত মামলার নথিতে সংশ্লিষ্ট আদালত/দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত কোনো উমেদার (বহিরাগত ব্যক্তি) কর্তৃক আদালতের আদেশ বা মামলা-সংশ্লিষ্ট কোনো বিষয় লিপিবদ্ধ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

একই সঙ্গে প্রত্যেক বিজ্ঞ ম্যাজিস্ট্রেটকে তাঁর অধীনস্থ আদালতের এজলাস, জি.আর.ও অফিস, অন্যান্য সংশ্লিষ্ট শাখা ও দপ্তরে এ নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় তদারকি ও নিবিড় পর্যবেক্ষণের নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশের কোনো প্রকার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

অত্র আদেশের কপি সংশ্লিষ্ট সকলকে প্রদান করা হোক।

স্বাক্ষরিত/-

(মোঃ জাহাঙ্গীর হোসেন)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট

পাবনা।

ফোন নম্বর-০২৫৮৮৮৮২৯০৫

cjm.pabna@bdcourts.gov.bd

নম্বর-সিজেএম/পাবনা- ১১৪-১৪২৪(১)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১. মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, পাবনা।

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

২. পুলিশ সুপার, পাবনা।

৩. অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পাবনা।

৪. বিদ্যুৎ আদালত, পাবনা।

৫. সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০১/০২/০২/০৪, পাবনা।

৬. জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০১/০২/০২/০৪, পাবনা।

৭. ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়, পাবনা।

৮. কোর্ট ইন্সপেক্টর, পাবনা (সংশ্লিষ্ট সকলকে অবগত করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

৯. আদেশ বহি/অফিস কপি/ওয়েব সাইটে প্রকাশ।

০৬.১০.২৬

(মোঃ জাহাঙ্গীর হোসেন)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট

পাবনা।

ফোন নম্বর-০২৫৮৮৮৮২৯০৫

cjm.pabna@bdcourts.gov.bd